# পাইলট উপজেলার শুদ্ধাচার কৌশল
# কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩

মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পাইলট উপজেলার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩

**১। প্রেক্ষাপট**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে উল্লেখ আছে। এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। ২০১৬-২০১৭ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ  শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে আসছে। স্থানীয় পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জুলাই ২০১৯ থেকে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা(জাইকা) এর আর্থিক এবং কারিগরি  সহায়তায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক National Integrity Strategy Support Project Phase-2 বাস্তবায়ন করা হয়। এ প্রকল্পের আওতায় ০৮ টি বিভাগের ০৮ টি উপজেলায় এবং ০১টি সিটি কর্পোরেশনে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এরই অংশ হিসেবে ২০১৯-২০ অর্‌থবছর থেকে পাইলট উপজেলা সমূহে শুদ্ধাচার কৌশল কর্‌মপরিকল্পনা প্রণয়ন, পরীবীক্ষণ ও বাস্তবায়ন করা হচ্ছে।

পাইলট উপজেলাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত এ নির্দেশিকা  অনুসরণপূর্বক স্ব স্ব কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে

শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে গৃহীত ব্যবস্থা এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** এই ৩ (তিন) টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে:

**ক্রমিক ১:** প্রা**তিষ্ঠানিক ব্যবস্থা**

**১.১ নৈতিকতা কমিটির সভা**

নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে সভার আলোচ্যসূচি নির্ধারণ করতে হবে। কমিটির কার্যপরিধি অনুযায়ী সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এসকল বিষয় এজেন্ডাভুক্ত করে সভা আয়োজন করতে হবে। সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করতে হবে।  শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা  কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.১ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখপূর্বক ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি**: প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, প্রতি বিলম্বিত সভার জন্য ০.৫০ নম্বর কর্তন হবে।

প্রমাণক: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

**১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন**

নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারণ করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.২ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে প্রতি কোয়ার্টারে অনুষ্ঠেয় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার পৃথকভাবে প্রতি কোয়ার্টারে (৮-১১ কলামসমূহে) উল্লেখ করতে হবে।

মূল্যায়ন পদ্ধতি: প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। উল্লেখ্য, মূল্যায়নের সময় নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ওপর বেশি গুরুত্ব দেয়া হবে। সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করে নম্বর প্রদান করা হবে।

প্রমাণক: নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

**<u>২. স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণে গৃহীত ব্যবস্থা</u>**

**২.১ উপজেলা পরিষদ ও প্রশাসনের আওতাধীন বিভিন্ন দপ্তরে প্রবর্তিত উত্তমচর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ**

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে উপজেলা নৈতিকতা কমিটি উপজেলা পরিষদ ও এর প্রশাসনের বিভিন্ন দপ্তরে প্রবর্তিত উত্তম চর্চার তালিকা সংগ্রহ করবে । উত্তম চর্চার তালিকা সংগ্রহ করে ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং তা ৬ নং কলামে এই তারিখ উল্লেখ করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** নির্ধারিত তারিখ অনুসারে উত্তম চর্চা সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয় তাহলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে, প্রতি পাক্ষিক এর জন্য ০.২০ হারে নম্বর কেটে নেওয়া হবে।

**প্রমাণক :** মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত উত্তম চর্চার তালিকা ।

**২.২ উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং নির্বাচিত জন প্রতিনিধিদের অংশগ্রহণে সুশাসন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন**

উপজেলা পরিষদে ন্যস্ত সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের (সকল ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ) অংশগ্রহণে শুদ্ধচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এর লক্ষ্যমাত্রা ৬ নং কলামে উল্লেখ করতে হবে । প্রশিক্ষণার্থীর সংখ্যা ৮ – ১১ নং কলামে উল্লেখ করতে হবে। প্রশিক্ষণার্থীর সংখ্যার উপর নির্ভর করবে কতটি ব্যাচে প্রশিক্ষণ দেয়া হবে।

**মূল্যায়ন পদ্ধতি :** প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হলে  গাণিতিক হারে নম্বর কাটা হবে।

**প্রমাণক :** প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি।

**২.৩ গণশুনানী আয়োজন**

উপজেলা নৈতিকতা কমিটির আয়োজনে কমপক্ষে ০৪টি গণশুনানি আয়োজন করতে হবে। গণশুনানিতে আবশ্যিকভাবে সেবাগ্রহীতার উপস্থিতি নিশ্চিত করতে হবে। উপজেলা পর্যায়ে যে সকল সরকারি দপ্তর সেবা প্রদান করে থাকে তাদের সেবা প্রদানে সেবাগ্রহীতাদের অভিযোগ, অনুযোগ অথবা পরামর্শ নিয়ে গণশুনানিতে আলোচনা করতে হবে। সেবাগ্রহীতাদের সেবা পেতে কোন সমস্যা হচ্ছে কি না অথবা সেবার মান আরও কিভাবে বৃদ্ধি করা যায় এসকল বিষয় নিয়ে আলোচনা করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতিঃ** লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয় তাহলে পুর্ণ নম্বর পাওয়া যাবে । লক্ষ্যমাত্রা  শতভাগ অর্জিত  না হলে গানিতিক হারে নম্বর কর্তন করা হবে।

**প্রমাণক:** গণশুনানির নোটিশ, হাজিরা এবং ছবি।

**২.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত উপকরণসমুহ (GRS/RTI/Citizen’s Charter...)পরিচিতিকরণের মাধ্যমে -জনসচেতনতা বৃদ্ধি**

উপজেলা নৈতিকতা কমিটি উপজেলায় জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত উপকরণসমূহ, যেমনঃ সেবা প্রদান প্রতিশুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, ইত্যাদি জনসাধারণের কাছে পরিচিতিকরণের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সাধারণ নাগরিক,শিক্ষার্থী, পরিবহণ-শ্রমিক, ব্যবসায়িদের সমন্বয়ে কমপক্ষে ০৪টি সভা আয়োজন করবে। এ সকল সভায় সিটিজেন চার্টার ব্যবহার করে সেবা গ্রহণ করতে পারে, সেবা গ্রহণ করতে গিয়ে হয়রানির স্বীকার হলে জি আর এস সিস্টেম ব্যবহার করে কিভাবে প্রতিকার পেতে পারে এবং সরকারি অফিস থেকে প্রয়োজনীয় তথ্য পেতে নাগরিকরা কিভাবে তথ্য অধিকার আইন  প্রয়োগ করতে পারে এসকল বিষয় নিয়ে আলোচনা করতে হবে।

সভার সংখ্যাকে লক্ষ্যমাত্রা হিসেবে ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে এবং লক্ষ্যমাত্রা ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে ৮-১১ নম্বর কলামে এ প্রদর্শন করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করা গেলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হলে গাণিতিক হারে নম্বর কর্তন হবে।

**প্রমাণক:** গণবিজ্ঞপ্তি, নোটিশ, ছবি এবং সংশ্লিষ্ট কার্যবিবরণী।

**২.৫ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ**

পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করবে এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ।

**মূল্যায়ন পদ্ধতি:** ২০২২-২৩ অর্থবছরের প্রারম্ভে লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হলে  পূর্ণ  নম্বর পাওয়া যাবে। নির্ধারিত তারিখের মধ্যে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে না পারলে কোন নম্বর পাওয়া যাবে না।

**প্রমাণক:** অফিস আদেশ ও স্ব স্ব ওয়েবসাইট।

**২.৬ উপজেলা পরিষদ কর্তৃক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদন এবং ওয়েব সাইটে আপলোডকরণ**

উপজেলা পরিষদ কর্তৃক অর্থবছরের শুরুতেই বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (এডিপি) প্রণয়ন করতে হবে এবং তা উপজেলা পরিষদের সভায় অনুমোদনের পরে তা ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলার ওয়েবসাইটে আপলোড করতে হবে ।

**মূল্যায়ন পদ্ধতি :** বার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে এবং ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ওয়েবপোর্টালে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে । নির্ধারিত তারিখের মধ্যে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা আপলোড করা না হলে কোন নম্বর পাওয়া যাবে না।

**প্রমাণক :** স্ব স্ব ওয়েবপোর্টাল।

**২.৭ সামাজিক সুরক্ষা কর্মসূচীর আওতায় উপকারভোগী নির্বাচনের মানদন্ড ও উপকারভোগীদের প্রাথমিক তালিকা জনসম্মুখে প্রকাশ**

উপজেলা পরিষদে ন্যস্ত যে সকল দপ্তর সামজিক সুরক্ষা কর্মসূচী বাস্তবায়ন করে সে সকল দপ্তর তাদের উপকারভোগী নির্বাচনের নীতিমালা এবং তালিকা স্ব স্ব ওয়েবসাইটে, নিজ অফিসে নোটিশ বোর্ডে, ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, এবং দৃশ্যমান স্থানে ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে প্রকাশ করবে।

মূল্যায়ন পদ্ধতিঃ ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সামাজিক সুরক্ষা কর্মসূচীর আওতায় উপকারভোগীদের প্রাথমিক তালিকা প্রকাশ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে তালিকা প্রকাশ করতে না পারলে কোন নম্বর পাওয়া যাবে না।

**প্রমাণকঃ** ওয়াবসাইট, দৃশ্যমান স্থানে তালিকা প্রকাশের ছবি।

**২.৮ বাজেট সভা** আয়োজনঃ

আর্থিক জবাবদিহিতা নিশ্চিত করতে ৩১ মে ২০২৩ তারিখের মধ্যে উপজেলা পরিষদ জনগণের সাথে একটি উন্মুক্ত বাজেট সভা করবে।

**মূল্যায়ন পদ্ধতি** : নির্ধারিত তারিখের মধ্যে জনগণের সাথে উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে । নির্ধারিত তারিখের মধ্যে উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত না হলে কোন নম্বর পাওয়া যাবে না।

**প্রমাণক :** বাজেট সভা বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণী ।

**২.৯ কর্মপরিবেশ উন্নয়ন (টিওএন্ডুই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ, পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) ।**
উপজেলা পরিষদ কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমন: টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করবে। কার্যক্রমের সংখ্যা ও সম্পন্ন করার তারিখ নির্ধারণ করে লক্ষ্যমাত্রা ২.৯ ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে এবং ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে। ২০২২-২৩ অর্থবছরে প্রত্যেক উপজেলা পরিষদ কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমপক্ষে ২ টি কার্যক্রম গ্রহণ

করবে। উল্লেখ্য, কর্ম-পরিকল্পনা প্রেরণের সময় নির্বাচিত কার্যক্রমের নাম, বাস্তবায়ন প্রক্রিয়া ও প্রমাণক হিসাবে কি সরবরাহ করা হবে তার বিবরণ পৃথক সংযুক্তিতে দিতে হবে।

**সংযুক্তি নিম্নরূপ হবেঃ**

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | বাস্তবায়ন প্রক্রিয়া | প্রমাণক হিসাবে যা থাকবে |
|---|---|---|---|
| | | | |
| | | | |

মূল্যায়ন পদ্ধতি: ২০২২-২৩ অর্থবছরে গৃহীত কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের সংখ্যা ও কার্যক্রম সম্পন্ন করার তারিখের লক্ষ্যমাত্রা অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।

প্রমাণক: উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র, অকেজো মালামাল নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির সভার কার্যবিবরণী, নথি বিনষ্টকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির সভার কার্যবিবরণী, প্রযোজ্য ক্ষেত্রে ছবি ও অন্যান্য প্রমাণক।

## ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম

### ৩.১ প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়ন

উপজেলা নৈতিকতা কমিটি উপজেলার বিভিন্ন দপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের কমপক্ষে ২০% প্রকল্প পরিদর্শণ করবে এবং প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট জমা দিবে। প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়নয়ের জন্য নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করবে যেমনঃ

**মূল্যায়ন পদ্ধতি:** লক্ষ্যমাত্রা (মোট প্রকল্পের ২০%) অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে গাণিতিক হারে নম্বর কর্তন করা হবে।

**প্রমাণক:** সংশ্লিষ্ট আদেশপত্র/নথির অনুলিপি/স্থিরচিত্র/ পরিদর্শন প্রতিবেদন সুপারিশ, বাস্তবায়ন অগ্রগতি (সংশ্লিষ্ট অফিস/প্রকল্প থেকে) ।

### ৩.২ চিকিৎসা কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন

চিকিৎসা কার্যক্রমে অধিক স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নির্দেশিকায় উল্লেখিত বাস্তবায়ন প্রক্রিয়া অনুযায়ি সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন প্রক্রিয়াঃ**

- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত এবং প্রাপ্ত ঔষধ ও সরঞ্জামাদির ব্যবহার/বিতরণ তদারকির জন্য উপজেলা পরিষদ একটি “মনিটরিং কমিটি” গঠন পূর্বক প্রতি তিন মাস অন্তর এই কমিটির প্রতিবেদন/সুপারিশ গ্রহণ করতে হবে। প্রাপ্ত সুপারিশ উপজেলা পরিষদ / উপজেলা নৈতিকতা কমিটিতে পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

- কর্মপরিবেশ ও সেবার মান উন্নয়ন এবং চিকিৎসা সেবা গ্রহণকারীদের তাৎক্ষণিক অভিযোগ /পরামর্শ গ্রহণ /যাচাইয়ের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান স্বয়ং এবং নৈতিকতা কমিটি নিয়মিতভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন পূর্বক পরিষদে প্রতিবেদন/ সুপারিশ উপস্থাপন করবেন এবং প্রাপ্ত সুপারিশ যথাযথভাবে বাস্তবায়নের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।
- সকল হাসপাতালের দৃশ্যমান এলাকায় সিটিজেন্স চার্টার এবং অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) –দের তালিকা স্থাপন করতে হবে।

**মুল্যায়ন পদ্ধতিঃ** বাস্তবায়ন প্রক্রিয়া অনুসারে মনিটরিং কমিটি গঠন, কমিটির প্রতিবেদন/সুপারিশ, প্রাপ্ত সুপারিশ নৈতিকতা কমিটিতে পর্যালোচনা করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।

**প্রমাণকঃ** সংশ্লিষ্ট আদেশ, নোটিশ, ছবি, কার্যবিবরণী, পরিদর্শন প্রতিবেদন।

**৩.৩ যুব উন্নয়ন প্রশিক্ষণ এবং যুব ঋণ কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন**

যুব উন্নয়ন প্রশিক্ষণ এবং যুব ঋণ কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নির্দেশিকায় উল্লেখিত বাস্তবায়ন প্রক্রিয়া অনুযায়ি সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন প্রক্রিয়াঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব উদ্যোক্তা ঋণ বিতরণ নির্দেশিকা অনুসারে যুবক/যুব নারী বাছাই করবেন। নির্দেশিকা অনুসারে যুবক/যুব নারী বাছাইয়ের পর তাদেরকে ঋণ প্রদান করবেন এবং প্রাপ্ত ঋণ সংশ্লিষ্ট ট্রেডে বিনিয়োগ করছে কি না তা মনিটর করবেন। এবং ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবেন।

**মুল্যায়ন পদ্ধতিঃ** বাস্তবায়ন প্রক্রিয়া অনুসারে যুব ঋণ প্রদান এবং মনিটরিং করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।

**প্রমাণকঃ** নৈতিকতা কমিটির নিকট দাখিলকৃত প্রতিবেদন।

## পাইলট উপজেলার শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২০২৩

**উপজেলা পরিষদের নাম:** ........................................................................................

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২ – ২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ........................................ ১৮** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | নৈতিকতা কমিটির সভা আয়োজিত | ৮ | সংখ্যা | উপজেলা নির্বাহী অফিসার | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০ | % | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২. স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণে গৃহীত ব্যবস্থা.................................................... ৬৪** | | | | | | | | | | | | | |
| ২.১ উপজেলা পরিষদ ও প্রশাসনের আওতাধীন বিভিন্ন দপ্তরে প্রবর্তিত উত্তমচর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | উত্তমচর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | ৫ | তারিখ | উপজেলা নির্বাহী অফিসার | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.২ উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং নির্বাচিত জন প্রতিনিধিদের অংশগ্রহণে সুশাসন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ১০ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২.৩ গণশুনানী আয়োজন | গণশুনানী আয়োজিত | ১০ | সংখ্যা | উপজেলা নৈতিকতা কমিটি | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত উপকরণসমুহ (GRS/RTI/Citizen’s Charter...) পরিচিতিকরণের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি | শুদ্ধাচার এর উপকরণসমূহ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা আয়োজিত | ১০ | সংখ্যা | উপজেলা নৈতিকতা কমিটি | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৫ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৫ | তারিখ | উপজেলা নির্বাহী অফিসার | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৬ উপজেলা পরিষদ কর্তৃক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদন এবং ওয়েব সাইটে আপলোডকরণ | বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদিত এবং ওয়েব সাইটে আপলোডকৃত | ৬ | % | উপজেলা প্রকৌশলী | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৭ সামাজিক সুরক্ষা কর্মসূচীর আওতায় উপকারভোগী নির্বাচনের মানদণ্ড ও উপকারভোগীদের প্রাথমিক তালিকা জনসম্মুখে প্রকাশ | উপকারভোগী নির্বাচনের মানদন্ড এবং উপকারভোগীদের তালিকা প্রকাশিত | ১০ | তারিখ | উপজেলা নৈতিকতা কমিটি | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২.৮ বাজেট সভা আয়োজন | বাজেট সভা আয়োজিত | ৪ | তারিখ | উপজেলা নির্বাহী অফিসার | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৯ কর্মপরিবেশ উন্নয়ন (টিওএন্ডুই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ, পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) । | উন্নত কর্মপরিবেশ | ৪ | তারিখ | নৈতিকতা কমিটি | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

**৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম............. ১৮**

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|
| ৩.১ প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়ন | নির্দেশনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত | ৬ | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৩.২ চিকিৎসা কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন | নির্দেশনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত | ৬ | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ৩.৩ যুব উন্নয়ন প্রশিক্ষণ এবং যুব ঋণ কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন | নির্দেশনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত | ৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

স্বাক্ষর

নামঃ ....................................

পদবিঃ ...............................

উপজেলা ........................................